



সুধী,

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, স্বনামধন্য অণুজীব বিজ্ঞানী অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২০২২ সালে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে একুশে পদকে ভূষিত হওয়ায় অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ সোসাইটি অফ মাইক্রোবায়োলজিস্টস-এর পক্ষ থেকে যৌথ আয়োজনে আগামী ৩১ শে মার্চ ২০২২ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিজ্ঞান বিভাগের “অধ্যাপক আনওয়ারুল আজীম চৌধুরী লেকচার গ্যালারী” তে এক সংবর্ধনার আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথির আসন অলংকৃত করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীব বিজ্ঞান অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। উক্ত সংবর্ধনায় আপনার সদয় উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

Anowara Begum

অধ্যাপক ড. আনোয়ারা বেগম
চেয়ারম্যান, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

Donald James Gomez

অধ্যাপক ড. ডোনাল্ড জেমস গমেজ
সভাপতি, বাংলাদেশ সোসাইটি অফ মাইক্রোবায়োলজিস্টস

অনুষ্ঠানসূচী

১১:০০ : পবিত্র কুরআন শরীফ থেকে তিলাওয়াত ও তরজমা

১১:০৫ : স্বাগত বক্তব্য, অধ্যাপক ড. আনোয়ারা বেগম, চেয়ারম্যান, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

১১:১০ : অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন এর উপর তথ্যচিত্র প্রদর্শন

১১:১৭ : মানপত্র পাঠ

১১:২০ : সভাপতি, বাংলাদেশ সোসাইটি অফ মাইক্রোবায়োলজিস্টস, অধ্যাপক ড. ডোনাল্ড জেমস গমেজ এর বক্তব্য

১১:২৫ : অধ্যাপক ড. মোঃ মজিবুর রহমান-এর বক্তব্য

১১:৩০ : বিশেষ অতিথি, মাননীয় ডিন, জীব বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এর বক্তব্য

১১:৩৫ : প্রধান অতিথি, মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এর বক্তব্য

১১:৪১ : অধ্যাপক ড. মো আনোয়ার হোসেনকে ফুলেল শুভেচ্ছা

১১:৪২ : মাননীয় ডিন কর্তৃক অধ্যাপক ড. মো আনোয়ার হোসেনকে মানপত্র প্রদান

১১:৪৩ : মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) কর্তৃক অধ্যাপক ড. মো আনোয়ার হোসেনকে সম্মাননা স্মারক প্রদান

১১:৪৪ : একুশে পদক প্রাপ্ত অধ্যাপক ড. মো আনোয়ার হোসেন এর বক্তব্য

১১:৫০ : সাংস্কৃতিক অনুষ্ঠান

১২:০০ : বিভাগীয় ছাত্র উপদেষ্টা, অধ্যাপক ড. মারুফা জেরিন আখতার কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন ও অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা

১২:০৫ : মধ্যাহ্নভোজ